



# তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৮

মাদকসেবী ও মাদক কারবারিকে সামাজিকভাবে বয়কটের আহ্বান খাদ্যমন্ত্রীর

রাজশাহী ; ০১ শ্রাবণ ( ১৬ জুলাই ) :

মাদকসেবী ও মাদক কারবারিদের সামাজিকভাবে বয়কটের আহ্বান জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি বলেন, ভোট ধরে রাখতে অনেকেই মাদক কারবারিদের সাথে আপস করেন কিংবা না দেখার ভাব করেন। ভোট করে যাবে এই চিন্তা বাদ দিয়ে প্রতিটি গ্রামে মাদকের বিরুদ্ধে শুন্দি অভিযান চালাতে জনপ্রতিনিধিদের এগিয়ে আসতে হবে। মাদকের বিরুদ্ধে জিরো টলারেস নীতি বাস্তবায়ন করতে হবে।

তিনি আজ শনিবার দুপুরে পৌরশা উপজেলা পরিষদ মিলনায়তনে মাদকদ্রব্যের অপব্যবহাররোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য আয়োজিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

খাদ্যমন্ত্রী বলেন, শুধু অভিযান চালিয়ে, গ্রেপ্তার করে বা সাজা দিয়ে মাদক নিয়ন্ত্রণ সম্ভব নয়। যার যার অবস্থান থেকে মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। এখন মাদক কারবারিঠা অনেক নতুন ধরনের মাদক সমাজে ছড়িয়ে দিচ্ছে উল্লেখ করে তিনি বলেন, এসব ভয়াল মাদক যুব সমাজকে ধ্বংসাত্মক পরিণত করছে।

খাদ্যমন্ত্রী মাদকের অপব্যবহাররোধে কঠোর হাঁশিয়ারি উচ্চারণ করে বলেন, জেলা বা উপজেলা আওয়ামী লীগের কোনো নেতাকর্মী কোনো মাদক ব্যবসায়ীর পক্ষে সুপারিশ করতে পারবে না। যদি কোনো নেতাকর্মী কোনো মাদক ব্যবসায়ীর পক্ষে সুপারিশ করতে যায় ওই মামলার চার্জিশিটে তার নাম অন্তর্ভুক্ত করার জন্য প্রশাসনকে নির্দেশ দেন।

সাধন চন্দ্র মজুমদার বলেন, আগামী প্রজন্মকে মাদকের প্রভাব থেকে মুক্ত রেখে একটি সুস্থ জাতি ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে পরিবার থেকেই আন্দোলন শুরু হওয়া দরকার। মাদকের বিরুদ্ধে সমাজের সর্বস্তরের মানুষকে এক সাথে কাজ করারও আহ্বান জানান।

পৌরশা উপজেলা নির্বাহী অফিসার সালমা আক্তারের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন পৌরশা উপজেলা পরিষদের চেয়ারম্যান শাহ মঞ্জুর মোর্শেদ চৌধুরী। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন মাধকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর রাজশাহী বিভাগীয় কার্যালয়ের অতিরিক্ত পরিচালক মো: ফজলুর রহমান। এছাড়াও সহকারি কমিশনার ভূমি জাকির হোসেন থানা অফিসার ইনচার্জ জহুরুল হক বক্তব্য রাখেন।

কর্মশালায় সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধিগণ, জনপ্রতিনিধি এবং গণমাধ্যমের প্রতিনিধিগণ অংশ নেন।

.....  
তৌহিদুজ্জামান/সিকান্দার/রূহুল/হালিম/২০২২